'ইনস্টিটিউট অব বায়োইকুভ্যালেন্স স্টাডিজ এন্ড ফার্মাসিউটিক্যাল সাইন্সেস প্রতিষ্ঠাকরণ'-প্রকল্প
বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)
Bangladesh Council of Scientific and Industrial Research (BCSIR)

সূত্র নং: ৩৯.০২.০০০০.০৩২.১৪.০০৩.২০১৮/ ১৮৮

তারিখ: ২৫.০২.২০১৮ খ্রি:

# আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের দরপত্র আহবান বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) এর 'ইনস্টিটিউট অব বায়োইকুভ্যালেন্স স্টাডিজ এন্ড ফার্মাসিউটিক্যাল সাইন্সেস প্রতিষ্ঠাকরণ' প্রকল্পে নিম্নলিখিত পদে সাকুল্য বেতনে আউটসোর্সিং এর মাধ্যমে স্বীকৃত পতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | প্রতিষ্ঠান | পদের নাম | পদের সংখ্যা | বয়স সীমা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | অন্যান্য |
|---|---|---|---|---|---|---|
| ০১। | 'ইনস্টিটিউট অব বায়োইকুভ্যালেন্স স্টাডিজ এন্ড ফার্মাসিউটিক্যাল সাইন্সেস প্রতিষ্ঠাকরণ' -প্রকল্প | অফিস সহায়ক (গ্রেড-২০) | ০১ | ১৮-৩০ বছর | অষ্টম শ্রেণী পাশ | শারিরিকভাবে সুস্থ হতে হবে। |

শর্তাবলী:

১। অভিজ্ঞতা সম্পন্ন জনবল সরবরাহকারী আগ্রহী প্রতিষ্ঠানকে নিম্নোক্ত ছক অনুযায়ী প্রস্তাব দাখিল করতে হবে:

| পদের নাম | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা | মাসিক সাকুল্য বেতন (গ্রেড ভিত্তিক) | সর্বমোট |
|---|---|---|---|---|

২। নির্বাচিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হবে। কোন ব্যক্তির সাথে চুক্তি হবে না বা কোন ব্যাক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা হবে না।

৩। নিয়োজিত কর্মচারীকে বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে।

৪। আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত আইন, বিধিমালা ও নির্দেশনা ইত্যাদি অনুসরণ করা হবে।

৫। জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী বেতন নির্ধারিত হবে।

৬। জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিষ্ট্রেশন, ২০১৬-১৭ অর্থ বছরের আয়কর প্রদান ও সনাক্তকরণ নম্বর (TIN) থাকতে হবে এবং সরকারী প্রকল্পে জনবল সরবরাহের ক্ষেত্রে কমপক্ষে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অভিজ্ঞতার স্বপক্ষে ন্যূনতম ০২ (দুই) টি সরকারি অফিসে জনবল সরবরাহের প্রমাণক দাখিল করতে হবে।

৭। নিয়োজিত কর্মচারীকে ছুটির দিনে বা স্বাভাবিক অফিস সময়ের পরেও দায়িত্ব পলন করতে হবে।

৮। আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কোন কর্মচারীর অদক্ষতা বা অবহেলার কারণে সরকারি কোন সম্পদের ক্ষতি হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার দায়িত্ব বহন করতে হবে।

৯। সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত বিল হতে প্রযোজ্য ক্ষেত্রে সরকারি নিয়ম অনুযায়ী ভ্যাট ও ট্যাক্স কর্তন করা হবে।

১০। জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সঙ্গে সম্পাদিত চুক্তি যে কোনো পক্ষ ০২ (দুই) মাসের নোটিশ দিয়ে বাতিল করতে পারবে।

১১। নিয়োজিত কর্মচারীকে শারিরিক সুস্থতা সম্পর্কে উপযুক্ত প্রমাণপত্র দাখিল করতে হবে।

১২। নির্বাচিত প্রতিষ্ঠানের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে জনবল সরবরাহের চুক্তিপত্র সম্পাদনের পরেই জনবল সরবরাহ করতে হবে।

১৩। আগ্রহী প্রতিষ্ঠানকে নিজ প্যাডে শর্তাবলির ০১ (এক) নং ছক অনুসরণ করে আগামী ২৫.০৩.২০১৮ ইং তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে ০৬ (ছয়) নং শর্তে উল্লেখিত কাগজপত্রসহ প্রকল্প পরিচালক, 'ইনস্টিটিউট অব বায়োইকুভ্যালেন্স স্টাডিজ এন্ড ফার্মাসিউটিক্যাল সাইন্সেস প্রতিষ্ঠাকরণ' -প্রকল্প, কক্ষ নং ১০, ২য় তলা, বিসিএসআইআর গবেষণাগার, ঢাকা, ধানমন্ডি, ঢাকা-১২০৫ এই ঠিকানায় দাখিল করতে হবে। একই তারিখে বেলা ১.০০ ঘটিকার সময় দরপত্র/প্রস্তাবসমূহ দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

১৪। নিয়োজিত কর্মচারীর প্রতিস্থাপন প্রয়োজন হলে সরবরাহকারী প্রতিষ্ঠান প্রতিস্থাপন করতে বাধ্য থাকবে। তবে কোন জনবল কাজ করে দক্ষতা অর্জন করলে তাকে প্রতিস্থাপনের ক্ষেত্রে অফিসের সম্মতি নিতে হবে।

১৫। কর্তৃপক্ষ শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৬। কোন কারণ দর্শানো ব্যাতিরেকে যে কোন দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৭। দরপত্র সংক্রান্ত তথ্য বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)-এর ওয়েবসাইট www.bcsir.gov.bd এর নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

25/02/2018

ড. মোঃ হোসেন সোহরাব
প্রকল্প পরিচালক
ফোন: ০১৭২০১২১৫২৫